ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক লিঃ

ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন নং ঃ ৯২৯১৩৯৭, ৯২৯১৩৯৮

কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা
Juvenile worker Policy

অনুমোদন তারিখ	জানুয়ারি ০২, ২০১৩
অনুমোদনকারী	তানভীর জিয়াউল রশীদ (উপ-ব্যবস্থাপনা পরিচালক)
আপডেট তারিখ	জানুয়ারি ০১, ২০১৯
পরবর্তী আপডেট এর তারিখ	জানুয়ারি ০১, ২০২০
দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা বিভাগ	মানব সম্পদ বিভাগ

ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক এর অন্তর্গত কারখানা সমূহে (রুমানা ফ্যাশন লিমিটেড, আলভিন ফ্যাশন লিমিটেড, ফ্যাশন স্যুট ও ট্রাউজার্স লিমিটেড, ফ্যাশন স্কার্ট এন্ড ট্রাউজার্স লিমিটেড, ইউনাইটেড ফ্যাশন ট্রাউজার্স লিমিটেড, ইষ্ট ওয়েষ্ট ফ্যাশন গার্মেন্টস লিমিটেড, ইষ্ট ওয়েষ্ট ড্রেস প্যান্ট লিমিটেড, প্যান্টালুন ফ্যাশন লিমিটেড, ফ্যাশন ট্রাউজার্স লিমিটেড, আলিজা ফ্যাশন লিমিটেড) শিশু ও কিশোর শ্রমিক নিয়োগ দেওয়া হয় না।

কিশোর শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরণ করে থাকে। অর্থাৎ কোন শিশু ও কিশোর শ্রমিক নিয়োগ করা হয় না। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে পদ্ধতি অনুসরণ করে থাকে, এতে কোন কিশোর শ্রমিক নিয়োগ পাওয়ার কোন সুযোগ থাকে না। কারণ নিয়োগের পূর্বেই ডাক্তারী পরীক্ষার মাধ্যমে প্রত্যেক কর্মীর বয়স নিরূপণ করা হয়ে থাকে। এরপরও যদি কোন না কোনোভাবে ১৮ বছরের বয়সের নিচের ও ১৪ বছরের উপরে কোন শ্রমিক নিয়োগ পেয়ে যায় এবং তা যদি কর্তৃপক্ষের দৃষ্টিগোচরে আসে সেক্ষেত্রে কর্তৃপক্ষ নিম্নলিখিত নীতিমালা মেনে চলবেন ঃ

কিশোরের বিয়স নিরূপনঃ

কিশোরের বয়স তার জন্ম নিবন্ধন সনদ, স্কুল সার্টিফিকেট বা রেজিস্ট্রার্ড চিকিৎসক কর্তৃক নিরূপন করা হবে।

২। ডাক্তারী পরীক্ষাঃ

ডাক্তার কর্তৃক তার শারীরিক যোগ্যতা বা সক্ষমতার প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে।

৩। কিশোরের প্রত্যয়নপত্রঃ

কারখানায় কিশোর কাজে নিয়োজিত থাকার সময় উক্ত শ্রমিকদের উপরোক্ত প্রত্যয়ন পত্রের স্মারক টোকেন এর ব্যবস্থা করা হবে।

৪। কিশোরের কর্ম-ঘন্টাঃ

০১) কোন কিশোরকে দিয়ে কারখানায় প্রতিদিন পাঁচ ঘণ্টার অধিক এবং সপ্তাহে ত্রিশ ঘণ্টার অধিক সময় কাজ করানো যাবে না।
০২) কোন কিশোরকে কারখানায় সন্ধ্যা ৭.০০ ঘটিকা হতে সকাল ৭.০০ ঘটিকার মধ্যবর্তী সময়ে কোন কাজ করতে দেওয়া যাবে না।
০৩) যদি কোন কিশোর কারখানায় অধিকাল কাজ করেন তাহলে অধিককাল সহ তার কাজের মোট সময় হবে সপ্তাহে ছত্রিশ ঘণ্টা।

৫। কিশোরের সাপ্তাহিক ছুটিঃ

নবায়নকারী	সংশোধনকারী	নিরীক্ষাকারী	অনুমোদনকারী
[signature]	[signature]	[signature]	[signature]
সি. ডেপুটি ম্যানেজার,এইচআর	ইনচার্জ-এইচআর,এডমিন এন্ড কমপ্লায়েন্স	প্রধান নির্বাহী কর্মকর্তা	ডিএমডি/এমডি

কারখানায় কিশোরের সাপ্তাহিক ছুটি, প্রাপ্ত বয়স্ক শ্রমিকের ছুটির অনুরূপ হবে।

৭। কিশোরের কাজের সময় নোটিশঃ

কোন ধরনের ভারী অথবা বিপদজনক কাজ; যেমন ভূগর্ভে অথবা পানির নিচে কোন কাজ, যন্ত্রপাতি চালু অবস্থায় তা পরিষ্কার, তাতে তেল প্রদান, ইত্যাদি কাজে কোন কিশোর শ্রমিককে নিয়োজিত করা হবে না।

৮। অন্যান্য বিষয়াদিঃ

১) কাজে নিয়োজিত থাকার সময় উক্ত শ্রমিকের সঙ্গে প্রত্যয়ন পত্রের স্মারক টোকেন এর ব্যবস্থা করতে হবে।
২) কিশোরের পিতা-মাতার লিখিত সম্মতিপত্র গ্রহণ করা হবে ।
৩) কিশোর নিয়োগ হলে তার ক্ষেত্রে পৃথক রেজিস্টার সংরক্ষণ করা হবে।
৪) কিশোরকে কোন ঝুঁকিপূর্ণ বা চলমান মেশিনে কাজ করতে দেয়া হবে না।
৫) কিশোর এর ক্ষেত্রে প্রতি ১৫ (পনের) কর্মদিবসে ১দিন অর্জিত ছুটি হিসাবে গণ্য করা হবে।

১৪ বছরের নিচে এরূপ শ্রমিকের ক্ষেত্রে নীতিমালা ঃ

ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক এর কর্তৃপক্ষ কোন অবস্থাতেই ১৪ বছরের নিচের বয়সের কোন শ্রমিক নিয়োগ দেয় না। এরপরও অসাবধানতবশতঃ কোন শিশু শ্রমিক নিয়োগ করা হয়ে থাকে, যার বয়স ১৪ বছর পূর্ণ হয় নি তাহলে কর্তৃপক্ষের দৃষ্টিগোচরে আসার সাথে সাথেই দ্রুত তার অব্যাহতির ব্যবস্থা করে তার শিক্ষার যাবতীয় ব্যয়ভার বহন করবে। ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক আরও নিশ্চয়তা প্রদান করে যে, তার শিক্ষা সমাপ্ত হলে এবং তার বয়স ১৮ বছর পূর্ণ হলে তাকে কোম্পানিতে চাকরির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

দ্রষ্টব্যঃ কিশোর (যাদের বয়স ১৪ বয়স থেকে ১৮ বছর নিচে) নিয়োগের ব্যাপারে উপরোক্ত আইন মোতাবেক সকল নির্দেশাবলী মেনে চলতে ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক কর্তৃপক্ষ মেনে চলতে আমরা বদ্ধপরিকর।

এই নীতিমালা ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক এর অন্তর্গত নিম্নরূপ কারখানা সমূহ ক্ষেত্রে প্রযোজ্য হবে-

১. ফ্যাশন স্কার্ট এন্ড ট্রাউজার্স লিমিটেড
২. ইউনাইটেড ফ্যাশন ট্রাউজার্স লি.
৩. ইষ্ট ওয়েষ্ট ফ্যাশন গার্মেন্টস লি.
৪. ইষ্ট ওয়েষ্ট ড্রেস প্যান্ট লি.
৫. রুমানা ফ্যাশন লি.
৬. রুমানা ফ্যাশন লি-২
৭. ফ্যাশন স্যুট এন্ড ট্রাউজার্স লি.
৮. ফ্যাশন ট্রাউজার্স লি.
৯. প্যান্টালুন ফ্যাশন লি. এবং
১০. আলিজা ফ্যাশন লি.

নোটঃ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সর্বশেষ সংশোধিত, ২০১৮ এবং বিধিমালা, ২০১৫ এর কিছু বিধি নিষেধ অত্র নীতিমালার বহির্ভূত যদি থাকে, তাহলে তা পরবর্তীতে অত্র প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের সম্মতিক্রমে তা সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করা হবে।

নবায়নকারী	সংশোধনকারী	নিরীক্ষাকারী	অনুমোদনকারী
সি. ডেপুটি ম্যানেজার,এইচআর	ইনচার্জ-এইচআর,এডমিন এন্ড কমপ্লায়েন্স	প্রধান নিবর্হী কর্মকর্তা	ডিএমডি/এমডি